দৈনিক ইত্তেফাক

তারিখ 25 APR 1988
পৃষ্ঠা 2 কলাম ৮

## প্রসঙ্গ ঃ রাজবাড়ী ডিগ্রী কলেজ

রাজবাড়ী ডিগ্রী কলেজকে সরকারীকরণের দীর্ঘদিন পরও কলেজের মৌলিক প্রয়োজনগুলি আজও মিটানো হয় নাই। কলেজে শিক্ষকের সংখ্যা খুবই কম। জরুরী ভিত্তিতে শিক্ষক নিয়োগ প্রয়োজন। বিজ্ঞান কোর্সের ছাত্র-ছাত্রীদের জন্য কলেজে উপযুক্ত গবেষণাগার ও প্রয়োজনীয় ব্যবহারিক যন্ত্রপাতি এবং রাসায়নিক দ্রব্যসামগ্রীর তীব্র অভাব বিরাজ করিতেছে। শিক্ষকমণ্ডলীর আবাসিক সমস্যাও প্রকট। এজন্য ভাল শিক্ষকেরা এই কলেজে আসিতে আগ্রহী নন। ছাত্রাবাসও স্বল্প পরিসর। ইহার সংস্কার ও সম্প্রসারণ দরকার। নামমাত্র একটি গ্রন্থাগার আছে। উহাতে উপযুক্ত বই-পুস্তকের অভাব তীব্র। উপযোগী ব্যায়ামাগার নাই। ক্রীড়া সরঞ্জামাদিও তেমন নাই। খেলার মাঠ ও মিলনায়তন সম্প্রসারণ ও সংস্কার করা প্রয়োজন। কলেজের চতুর্দিকে বেষ্টনী প্রাচীর না থাকায় কলেজ প্রাঙ্গণ গোচারণ ভূমিতে পরিণত হইয়াছে। এদিকে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—কাজী কবির আহমদ বাবু, নারায়ণবাবুর পুকুরচালা, গজ্জনকান্দা, রাজবাড়ী।